# উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির নভেম্বর, ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : রাশিদা আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
খানসামা, দিনাজপুর।

আলোচ্য মাস : অক্টোবর, ২০২১ খ্রিঃ।
সভার তারিখ : ২৩/১১/২০২১ খ্রিঃ।
সভার সময় : বেলা ১০.০০ টা।
সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, খানসামা, দিনাজপুর।

**উপস্থিতি : পরিশিষ্ট-ক**

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতেই তিনি আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও জনপ্রতিনিধিদের করোনা সংকটকালে অসামান্য অবদান রাখার জন্য এবং দুঃস্থ ও অসহায় দারিদ্র মানুষের পাশে সহযোগিতার হাত বাড়ানোর জন্য খানসামা উপজেলার বিত্তবানসহ সকল শ্রেণি পেশার মানুষের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। এছাড়া মাদকদ্রব্যের ব্যবহার আইন-শৃঙ্খলা পরিস্থিতি অবনতি রোধে সংশ্লিষ্ট সকলকে সজাগ ও সচেষ্ঠ থাকার জন্য অনুরোধ করেন। বর্তমানে সরকার মাদক দ্রব্যের ব্যবহার রোধে জিরো টলারেন্সে নিয়ে আসায় প্রতিজ্ঞাবদ্ধ। সরকারের সেই লক্ষ্যকে সামনে রেখে এ উপজেলায় নেশাজাতীয় কোন মাদকদ্রব্য বেচাকেনা ও সেবন করতে না পারে এবং অবৈধ জুয়া খেলা বন্ধে আইন-শৃঙ্খলা বাহিনীসহ সংশ্লিষ্ট সকলকে সজাগ থাকার অনুরোধ জানান। চিহ্নিত মাদক সেবন ও বিক্রয়ের স্থানসমূহে আইন-শৃঙ্খলা বাহিনীর ঝটিকা অভিযান বৃদ্ধিসহ জান-মালের নিরাপত্তা প্রদানের জন্য রাত্রীকালীন পুলিশী টহল বাড়ানোর প্রতি অফিসার ইনচার্জ এর দৃষ্টি আকর্ষন করেন। এ উপজেলার জঙ্গীবাদ, সন্ত্রাস ও মাদকবিরোধী এবং করোনার গুজব প্রতিরোধ ও করোনা সচেতনতায় সকল সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক, পেশাজীবি, এনজিও, মসজিদের ইমাম, জনপ্রতিনিধি, স্কুল,কলেজের শিক্ষক শিক্ষার্থীসহ বিভিন্ন সংগঠনের সমন্বয়ে কার্যকরী সামাজিক প্রক্রিয়া অব্যাহত রাখার বিষয়ে নিজ নিজ অধিক্ষেত্রে দায়িত্বশীল ভূমিকা পালনের অনুরোধ জানান। এছাড়াও সকল ইউপি চেয়ারম্যানকে সন্ত্রাস, নাশকতা সংক্রান্ত মাসিক সভার প্রতিবেদন নিয়মিত পাঠাতে হবে। আইন-শৃঙ্খলা ও করোনা সম্পর্কিত যে কোন ধরণের অভিযোগ ৯৯৯ হটলাইনে জানানো যাবে।

অফিসার ইনচার্জ, খানসামা কর্তৃক দাখিলকৃত আইন-শৃঙ্খলা সংক্রান্ত প্রতিবেদন পর্যালোচনায় খানসামা উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল মর্মে সভাপতি জানান। তিনি খানসামা উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে নিজ নিজ অধিক্ষেত্রে দায়িত্বশীল ভূমিকা পালনের অনুরোধ জানান।

অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী মতামত/বক্তব্য প্রদানের জন্য তিনি সম্মানিত সদস্যদের অনুরোধ জানান।

০১। **গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ**

গত সভার কার্যবিবরণী পাঠ ও পর্যালোচনান্তে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উহা দৃঢ়ীকরণ করা হয়।

০২। **সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি এবং সংঘটিত অপরাধ পর্যালোচনাঃ**

অক্টোবর, ২০২১ মাসের অপরাধ চিত্র সভায় পেশ করা হয়ঃ

| থানার নাম | ডাকাতি | দস্যুতা | খুন | দাঙ্গা | দাঙ্গাসহ খুন | নারী নির্যাতন | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ধর্ষণ | এসিড নিক্ষেপ | অন্যান্য নাঃ নিঃ | নারী পাচার |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| খানসামা | - | - | - | - | - | - | - | ০২ | - |

| অপহরণ | পুলিশ আক্রান্ত | সিঁদেল চুরি | গরু চুরি | চুরি | অস্ত্র আইন | মাদক দ্রব্য | চোরা চালান | দ্রুত বিচার আইন | অন্যান্য মামলা | মোট | মোট গ্রেফতার |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ |
| ০২ | - | - | - | - | - | ০৩ | - | - | ১০ | ১৫ | - |

অক্টোবর, ২০২১ মাসে অত্র উপজেলায় অপরাধ প্রবণতা কিছুটা বৃদ্ধি পেয়েছে। সভাপতি এ বিষয়ে অফিসার ইনচার্জ, খানসামা থানাকে সতর্ক থাকার জন্য অনুরোধ করেন।

**সিদ্ধান্তঃ** উপজেলা নির্বাহী অফিসার, অফিসার ইন-চার্জ, খানসামা থানা/ইউপি চেয়ারম্যানগণ আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

**বাস্তবায়নেঃ** (১) উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর।
(২) অফিসার ইন-চার্জ, খানসামা থানা, দিনাজপুর।
(৩) ইউপি চেয়ারম্যান (সকল), খানসামা, দিনাজপুর।

৩। **জঙ্গিবাদ ও সন্ত্রাসবিরোধী কর্মসূচি:** জঙ্গিবাদ ও সন্ত্রাসবিরোধী কর্মসুচি প্রত্যেকটি ইউনিয়ন পরিষদ এবং ইউনিয়ন পরিষদের অধীন ০৯ টি ওয়ার্ডে জঙ্গিবাদ ও সন্ত্রাসবিরোধী ওয়ার্ড কমিটির নিয়মিত মাসিক সভা অনুষ্ঠানের আয়োজন করতে হবে। এ বিষয়ে চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ প্রতি মাসে তার ইউনিয়নে এবং ০৯ টি ওয়ার্ডে জঙ্গিবাদ ও সন্ত্রাসবিরোধী কমিটির মাসিক সভা সম্পন্ন করে সভার কার্যবিবরণী জেলা প্রশাসক, দিনাজপুর মহোদয়কে প্রেরণপূর্বক তার অনুলিপি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ করার জন্য বলা হলেও কোন-কোন ইউনিয়ন পরিষদ হতে এ বিষয়ে কোন কার্যবিবরণী পাওয়া যায়নি। এতে সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। আগামীতে বিষয়টি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ নিশ্চিত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।

**বাস্তবায়নেঃ** (১) উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর।
(২) ভারপ্রাপ্ত কর্মকর্তা, খানসামা থানা, দিনাজপুর।
(৩) ইউপি চেয়ারম্যান (সকল), খানসামা, দিনাজপুর।

৪। **মাদকদ্রব্য ও জুয়া নিয়ন্ত্রণের পরিকল্পনা গ্রহণ:** সভাপতি সভায় মাদক নিয়ন্ত্রণ বিষয়ে প্রত্যেকটি শিক্ষা প্রতিষ্ঠান ও মসজিদে মাদকদ্রব্য নিরোধ কমিটি গঠনের কাজ সম্পন্ন করেছেন। তিনি আরও জানান, প্রত্যেক মাধ্যমিক স্কুলে ইভটিজিং, বাল্য বিবাহ ও মাদকনিরোধী কমিটি গঠনের নির্দেশনা দেওয়া হয়েছে। মাদক নিয়ন্ত্রণে মোবাইল কোর্ট অভিযান অব্যাহত রয়েছে। তিনি আরও উল্লেখ করেন যে, নারী-শিশু নির্যাতন, মাদকমুক্ত, বাল্যবিবাহ, সকল ইউনিয়নের যুব শক্তিকে ব্যবহার করে আমরা কাজ করে আসছি।

সভাপতি বলেন, মাদক সংক্রান্ত অভিযোগ গ্রহণের নিমিত্ত উপজেলা পরিষদ এবং প্রতিটি ইউনিয়ন পরিষদ কার্যালয়ে অভিযোগ বাক্স স্থাপন করা হয়েছে। উক্ত বাক্সে মাদক বিক্রেতা, মাদকসেবী, মাদক এন্ট্রি পয়েন্ট ও মাদক ট্রানজিট পয়েন্ট বিষয়ে যে কোন তথ্য অভিযোগ বাক্সে দাখিল করা যাবে। জুয়া খেলা ও মাদক অনেকটা নারী নির্যাতনের জন্য দায়ী। মাদক ও জুয়ার খেলার ব্যপকতা যাতে বৃদ্ধি না পায় সে বিষয়ে সংশ্লিষ্টদের সজাগ থাকার জন্য অনুরোধ করেন।

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, খানসামা, দিনাজপুর সভায় বলেন, তার আনসার ও ভিডিপি বাহিনীর মাধ্যমে উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সহায়তা করে আসছে।

অফিসার ইনচার্জ, খানসামা থানা সভায় জানান যে, মাদক দ্রব্য ও জুয়া বন্ধে পুলিশ বিভাগ সবসময়ই সজাগ অবস্থানে রয়েছে। সেপ্টেম্বর মাসে কোন চাঞ্চল্যকর ঘটনা ঘটেনি। অতীতের চেয়ে বর্তমানে খানসামার মাদক পরিস্থিতি অনেক ভাল। মাদক দ্রব্য ও জুয়া নিরোধে মোবাইল কোর্টের মাধ্যমে টাস্কফোর্স অভিযান যথানিয়মে পরিচালিত হবে। স্কুল কলেজ বন্ধ থাকায় শিশু নির্যাতনসহ কোথাও কোন সন্ত্রাস-জঙ্গিবাদের ঘটনা ঘটার সম্ভাবনা দেখা দিলে তা তাৎক্ষনিকভাবে উপজেলা প্রশাসন/থানা পুলিশকে অবহিত করার জন্য অনুরোধ জানান।

জনাব মোঃ আবু হাতেম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, খানসামা, দিনাজপুর সভায় বলেন যে, খানসামা উপজেলায় করোনা সংকট, মাদক ও জুয়ার বিষয়ে পারিবারিকভাবে সচেতনতা ও মসজিদভিত্তিক ইমাম এবং ইউনিয়ন পর্যায়ে চেয়ারম্যানদের মাধ্যমে করোনা পরিস্থিতিতে যে কোন অনাকাঙ্খিত ঘটনাসহ মাদক গ্রহণ ও বাণিজ্য নিয়ন্ত্রণে কাজ করার জন্য অনুরোধ করেন। করোনা পরিস্থিতিতে আগত বহিরাগতদের তথ্যসহ মাদকের ব্যবহার ও ব্যবসা প্রতিরোধে ইউনিয়ন পরিষদের দফাদার/ মহল্লাদার ও আনসার ভিডিপি সদস্যগণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারেন বলে তিনি মনে করেন। এছাড়া, বাল্য বিবাহ প্রতিরোধে অভিভাবক, জনপ্রতিনিধি ও সুশীল সমাজ সকলে মিলে সচেতন ও সজাগ থাকতে হবে।

সভাপতি বলেন, খানসামা উপজেলায় করোনা পরিস্থিতিতে বহিরাগতদের তথ্যসহ করোনা সংক্রামনের বিভিন্ন তথ্য প্রদানসহ মাদকের ব্যবহার, বাণিজ্য প্রতিরোধে প্রতিরোধে পুলিশ বিভাগ, ইউনিয়ন পরিষদের দফাদার/ মহল্লাদার ও আনসার ভিডিপি সদস্যগণ তাদের নিজ নিজ অধিক্ষেত্রে সমন্বিতভাবে দায়িত্ব পালনের মাধ্যমে করোনা নিয়ন্ত্রণ ও প্রতিরোধ এবং মাদকের ব্যবহার, বাণিজ্য সম্পূর্ণভাবে নির্মুল করা সম্ভব। ডিজিটাল জুয়া বিষয়ে আকস্মিক অভিযান পরিচালনার মাধ্যমে তাদেরকে আইনের আওতায় আনা হবে। এছাড়া, বাল্য বিবাহ প্রতিরোধে অভিভাবক, জনপ্রতিনিধি ও সুশীল সমাজকে অগ্রণী ভুমিকা পালন করার জন্য অনুরোধ করেন।

**সিদ্ধান্তঃ**

(১) করোনার এই সংকটকালে কোন প্রবাসী বা দেশের অন্য কোন জেলা হতে কোন বহিরাগত ব্যক্তি বা ব্যক্তিবর্গ আসলে ১৪ দিন কোয়ারেন্টাইন নিশ্চিত করতে হবে।

(২) করোনা আক্রান্ত ব্যক্তিদের অবশ্যই আইসোলেশন নিশ্চিত করতে হবে। আইসোলেশনে থাকাকালীন সময়ে পরিবারের কোন সদস্য বা সমাজের কোন লোক যেন তার সংস্পর্শে না আসে সে বিষয়ে জনপ্রতিনিধিদের সচেতন থাকতে হবে।

(৩) ইউনিয়নভিত্তিক মাদকের 'এন্ট্রি ও ট্রানজিট পয়েন্ট', মাদক গ্রহণের স্থান, মাদক ব্যবসায়ী ও মাদকসেবী তালিকা প্রণয়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(৪) মাদক দ্রব্য ও জুয়া বন্ধে নিয়মিত মোবাইল কোর্টের মাধ্যমে টাস্কফোর্স অভিযান চালাতে হবে। কিছু মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/কলেজে এখনও মাদকবিরোধী কমিটি গঠন সম্পন্ন করা হয়নি। যেসব মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/কলেজে এখনও মাদকবিরোধী কমিটি গঠন সম্পন্ন করা হয়নি সে সকল প্রতিষ্ঠান প্রধানকে আগামী সভার পূর্বে মাদকবিরোধী কমিটি গঠন সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

(৫) উপজেলা পরিষদ কমপ্লেক্স এবং প্রতিটি ইউনিয়ন পরিষদ ও অন্যান্য কার্যালয়ে স্থাপিত অভিযোগ বাক্সে মাদকসেবীদের তথ্য প্রদানের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(৬) উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা খানসামা উপজেলায় রাত্রীকালীন পাহারাদার আনসার ভিডিপি সদস্যগণকে সঠিকভাবে দায়িত্ব পালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

**বাস্তবায়নেঃ**

(১) উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, খানসামা, দিনাজপুর।
(২) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, খানসামা থানা, খানসামা, দিনাজপুর।
(৩) অফিসার-ইন-চার্জ, খানসামা থানা, খানসামা, দিনাজপুর।
(৪) উপজেলা শিক্ষা অফিসার, খানসামা, দিনাজপুর।
(৫) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, খানসামা, দিনাজপুর।
(৬) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), খানসামা, দিনাজপুর।
(৭) আইন-শৃঙ্খলা কমিটির সকল সম্মানীত সদস্য।
(৮) উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।
(৯) বাংলাদেশ পুজা উদ্যাপন পরিষদ, খানসামা উপজেলা শাখা, খানসামা, দিনাজপুর।

০৫। **বাল্য বিবাহ ও নারী নির্যাতনসহ অন্যান্য অপরাধ প্রতিরোধে পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন গ্রহণঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, খানসামা, দিনাজপুর সভায় বাল্য বিবাহ প্রতিরোধ নিয়ে ইউপি চেয়ারম্যান ও সদস্যগণের কাজের প্রশংসা করে বলেন আগামীতে অত্র উপজেলায় যেন আর একটিও বাল্য বিবাহ সংঘটিত না হয় সে বিষয়ে প্রশাসন, পুলিশ ও ইউপি চেয়ারম্যানদের সজাগ থাকার জন্য অনুরোধ করেন।

সভাপতি জানান, বাল্য বিবাহ ও নারী নির্যাতন অপরাধে অপরাধীগণকে কোন ভাবেই ছাড় দেয়া হবে না। উপজেলাকে বাল্য বিবাহ মুক্ত উপজেলা ঘোষণা করা হয়েছে। যে কোন স্থানে বাল্যবিবাহের সংবাদ পাওয়া মাত্র তা তাৎক্ষনিকভাবে উপজেলা নির্বাহী অফিসার ও অফিসার ইনচার্জ, খানসামা থানাকে জানানোর জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হয়।

**সিদ্ধান্তঃ**

(১) বাল্য বিবাহ ও নারী নির্যাতনের বিরুদ্ধে ব্যাপক জনসচেতনতা বৃদ্ধি করতে হবে।
(২) বাল্য বিবাহ নিরোধে অভিযার্ন পরিচালনা করতে হবে।
(৩) নারী নির্যাতনসহ যৌন হয়রানী রোধে সকলকে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, অভিভাবক ও সংশ্লিষ্ট সকলের সাথে সভা করে যৌন হয়রানী প্রতিরোধে সামাজিক সচেতনতা সৃষ্টি করা হচ্ছে।
(৪) যৌন হয়রানী প্রতিরোধে মোবাইল কোর্ট কার্যক্রম পরিচালনা হচ্ছে।
(৫) মোবাইল ফোনে অশ্লীল গান, নগ্ন দৃশ্য ইন্টারনেটের মাধ্যমে ডাউনলোড বন্ধের বিষয়ে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।
(৬) উপজেলায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং সহিংসতা ও নাশকতামূলক কার্যক্রম পরিচালনা রোধে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে।

বাস্তবায়নেঃ

(১) উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, খানসামা, দিনাজপুর।

(২) অফিসার-ইন-চার্জ, খানসামা থানা, খানসামা, দিনাজপুর ।

(৩) আইন-শৃঙ্খলা কমিটির সকল সম্মানিত সদস্য।

(৪) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), খানসামা, দিনাজপুর।

০৬। **জঙ্গিবাদ, মাদক দ্রব্য, ইভটিজিং, বাল্য বিবাহ, নারী নির্যাতনসহ অন্যান্য অপরাধ দমনে উদ্বুদ্ধকরণ কর্মসুচিঃ**

সভাপতি বলেন, পুলিশ, ইউপি চেয়ারম্যান ও সমাজ সচেতন নাগরিক, যুব ফোরামের সদ্যসরা উদ্বুদ্ধকরণ কর্মসূচিতে সম্পৃক্ত করতে হবে। অপরাধীদের নিয়ন্ত্রণে রাখার জন্য জনগণকে উদ্বুদ্ধকরণ ও বিভিন্ন পরিকল্পনায় তাদের সম্পৃক্ত করতে হবে। গরীব ও অসহায় মানুষের বিচার পাওয়ার ব্যাপারে লিগ্যাল এইড-এ যোগাযোগ করতে পারে। লিগ্যাল এইড এই ব্যাপারে বিনা পয়সায় আইনি সহায়তা প্রদান করবেন বা করে থাকেন।

বাস্তবায়নেঃ

(১) উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, খানসামা, দিনাজপুর ।

(২) অফিসার-ইন-চার্জ, খানসামা থানা, খানসামা, দিনাজপুর ।

(৩) আইন-শৃঙ্খলা কমিটির সকল সম্মানিত সদস্য।

(৪) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), খানসামা, দিনাজপুর।

০৭। **গ্রাম আদালতের কার্যক্রম সম্পর্কিতঃ** উপজেলা পর্যায়ে আইন-শৃঙ্খলা সংক্রান্ত মাসিক সভায় করোনা সংকটকালে স্বল্প পরিসরে জন-সমাগম এড়িয়ে গ্রাম আদালতের বিষয়টি নিয়মিতভাবে এজেন্ডাভুক্ত করে আলোচনা কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে উপস্থিত সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের নিকট গ্রাম আদালতের কার্যক্রম সম্পর্কে জানতে চান এবং গ্রাম আদালতের কাজের ব্যাপারে গতিশীলতা আনার উপর গুরুত্বারোপ করেন এবং দ্রুততার সহিত অনিষ্পন্ন পেন্ডিং মামলাসমূহ নিষ্পত্তি করার জন্য তাগিদ প্রদান করেন। উক্ত বিষয়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ বলেন, গ্রাম আদালতের কার্যক্রম নীতিমালা অনুযায়ী সুষ্ঠুভাবে চলছে। গ্রাম আদালতের কার্যক্রম যথাযথভাবে নীতিমালা অনুযায়ী সুষ্ঠুভাবে পরিচালানার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে অনুরোধ জানান।

সিদ্ধান্তঃ গ্রাম আদালতের কার্যক্রম সম্পর্কিত তথ্য ইতোপূর্বে প্রেরিত ছকে নিয়মিতভাবে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ করতে হবে এবং গ্রাম আদালতে এখতিয়ারভুক্ত সকল মামলা গ্রাম আদালতের মাধ্যমে যথাযথভাবে নিষ্পত্তি করার জন্য সকল ইউপি চেয়ারম্যানকে সজাগ হবেন এবং অনিষ্পন্ন পেন্ডিং মামলাসমূহ দ্রম্নততার সহিত নিষ্পন্ন করতে হবে।।

বাস্তবায়নেঃ চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), খানসামা, দিনাজপুর।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/০১/২০২১

(রাশিদা আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
খানসামা, দিনাজপুর।

২৬/০১/২০২১

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
খানসামা, দিনাজপুর।
khansama.dinajpur.gov.bd

স্মারক নংঃ ০৫.৫৫.২৭৬০.০০০.২৬.০০১.২১-২৬৮৫(৪০)/৪০৭ তারিখ: ৩০/১১/২০২১ খ্রিঃ।

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে):**

১। জনাব আবুল হাসান মাহমুদ আলী, এমপি, ৯ দিনাজপুর-৪।
২। জেলা প্রশাসক, দিনাজপুর।
৩। পুলিশ সুপার, দিনাজপুর ।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, খানসামা, দিনাজপুর ।
৫। সহকারী কমিশনার (ভূমি), খানসামা, দিনাজপুর ।
৬। উপজেলা ............................................................... অফিসার, খানসামা, দিনাজপুর ।
৭। চেয়ারম্যান ...................................................... (সকল) ইউ.পি, খানসামা, দিনাজপুর ।
৮। জনাব ............................................................................ খানসামা, দিনাজপুর ।

০১/১২/২০২১

উপজেলা নির্বাহী অফিসার
খানসামা, দিনাজপুর।
০১/১২/২০২১